

শিক্ষামন্ত্রীর আশাবাদ

# প্রশ্ন ফাঁস হবে না

সংবাদ : প্রতিনিধি, কেরানীগঞ্জ (ঢাকা)

। ঢাকা, রোববার, ০৩ নভেম্বর ২০১৯

শিক্ষামন্ত্রী ড. দিপু মনি বলেছেন এবার জেএসসি-জেডিসি পরীক্ষায় এখন পর্যন্ত কোন প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেনি, আর ঘৃটবেও না। বিগত সময়ে আমরা দেখেছি একটি চক্র সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়িয়ে প্রতারনা করেছে। এমনকি প্রশ্ন ফাঁসের কথা বলে সাধারণ মানুষের কাছ থেকে টাকা হাতিয়ে নিয়েছে। তবে এবার আমাদের গোয়েন্দা সংস্থা এ ব্যাপারে যথেষ্ট সতর্ক রয়েছে।

গতকাল কেরানীগঞ্জ উপজেলার জিনজিরা পিএম পাইলট উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শনে এসে মন্ত্রী এসব কথা বলেন। তিনি আরও বলেন, পরীক্ষা শুরু হওয়ার আগেই আমরা কেন্দ্র পরিদর্শন করলাম। কেননা পরীক্ষার সময় পরিদর্শনে গেলে শিক্ষার্থীদের অসুবিধা হয়। এই কেন্দ্রে পর্যাপ্ত আলো-বাতাস রয়েছে। সব নিয়মকানুন মানা হয়েছে।

অভিভাবকদের উদ্দেশে মন্ত্রী বলেন, আপনাদের সন্তানদের পরীক্ষাকেন্দ্রে ভালো প্রস্তুতি নিয়ে পাঠাবেন। তাহলে মেধা অনুযায়ী তাদের ফল আসবে। আপনারা যদি সন্তানের ভালো

ফলাফলের জন্য অনৈতিক পদ্ধাতি অবলম্বন  
করেন তবে তাদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যাবে।

এ সময় আরও উপস্থিতি ছিলেন শিক্ষা উপমন্ত্রী  
মহিবুল হাসান চৌধুরী নওফেল, মাধ্যমিক ও উচ্চ  
শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব  
হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের  
মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম  
ফারুক, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর  
মু. জিয়াউল হক, নিবাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি  
কমিশনার (ভূমি) কেরানীগঞ্জ সাকেল কামরুল  
হাসান সোহেল, উপজেলা মাধ্যমিক শিক্ষা  
কর্মকর্তা নিলুফার জাহান ও পিএম পাইলট উচ্চ  
বিদ্যালয় অ্যান্ড কলেজ কেন্দ্র পরিচালক  
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শহিদুল  
ইসলাম প্রমুখ।